BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2022

## BNGACOR08T-BENGALI (CC8)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) 'প্রেমই প্রমীলাকে বীরাঙ্গনা করেছে' — 'মেঘনাদবধ কাব্য'-এর তৃতীয় সর্গ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

**অথবা**

(খ) 'মেঘনাদবধ কাব্য'-এর ষষ্ঠ সর্গের নাম কী ? এই নামকরণ যথার্থ হয়েছে কি না যুক্তিসহ বিশ্লেষণ করো। ১+৯= ১০

**একক-২**

(গ) 'যেতে নাহি দিব' কবিতায় জীবনপ্রীতির সঙ্গে বিরহচেতনার যে দ্বন্দ্ব উপস্থাপিত হয়েছে, তার স্বরূপ বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(ঘ) 'তুমি বৃক্ষ, আদিপ্রাণ' — এই উচ্চারণ রবীন্দ্রনাথের কোন্ কবিতায় আছে ? বৃক্ষকে যুগযুগান্তরের প্রতিনিধি হিসেবে এই কবিতায় যেভাবে আখ্যায়িত করা হয়েছে, তা কবিতাটি অবলম্বনে ব্যাখ্যা করো। ১+৯= ১০

**একক-৩**

(ঙ) 'বনলতা সেন' কবিতা অবলম্বনে কবির প্রেমচেতনার গূঢ় স্বরূপ পর্যালোচনা করো। ১০

**অথবা**

(চ) 'আরো এক বিপন্ন বিস্ময় ১০

আমাদের অন্তর্গত রক্তের ভিতরে

খেলা করে ;'

— 'আট বছর আগের একদিন' কবিতা অবলম্বনে এই 'বিপন্ন বিস্ময়' কী তাৎপর্যে অন্বিত হয়ে উঠেছে, তা আলোচনা করো।

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

একক-৪

(ছ) অমিয় চক্রবর্তীর 'সংগতি' কবিতা আশাবাদের ঝংকার — আলোচনা করো। ১০

অথবা

(জ) 'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতায় এক সাধারণ মেয়ের ট্রাজিক ভালোবাসার যে স্মৃতি রোমন্থন রয়েছে, তার স্বরূপ ব্যাখ্যা করো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ‘‘ক্ষত বক্ষঃস্থল মম, দেখ, নৃপমণি ১+১+৩

রিপু প্রহরণে ; পৃষ্ঠে নাহি অস্ত্রলেখা।’’

— বক্তা কে ? কার প্রতি এই উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করো।

(খ) ‘‘রবিহীন মণিদীপ্ত প্রদোষের দেশে ২+৩

জগতের নদী গিরি সকলের শেষে।’’

— কবিতা ও মূল কাব্যগ্রন্থের নাম উল্লেখ করো। উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(গ) 'সে কেন জলের মতো ঘুরে ঘুরে একা কথা কয়!' ১+৪

— কোন্ কবিতার অংশ ? প্রসঙ্গসহ ব্যাখ্যা করো।

(ঘ) 'এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে ৫

চিতাকাঠ ডাকে : আয় আয়'

— উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

लक्ष्यं विश्वमानम्

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2022

## BNGACOR09T-BENGALI (CC9)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে একটি করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) — ১০×৪ = ৪০

**একক-১**

(ক) 'ঘরে বাইরে'-র নিখিলেশ রবীন্দ্র-বিশ্বাসেরই প্রতিরূপ। — আলোচনা করো। — ১০

**অথবা**

(খ) যে সামাজিক-রাজনৈতিক স্তর-পরম্পরায় রবীন্দ্রনাথ 'ঘর' ও 'বাইরে'-র ব্যঞ্জনাকে দৃশ্যপটের মধ্যে উপস্থাপিত করেছেন, তার পরিচয় দাও। — ১০

**একক-২**

(গ) কুমারসম্ভব এবং শকুন্তলায় "কবি দেখাইয়াছেন, মোহে যাহা অকৃতার্থ মঙ্গলে তাহা পরিসমাপ্ত ;"– মহাকবি কালিদাসের এই বোধ-আদর্শকেই একত্র সংহত করেছেন 'প্রাচীন সাহিত্য'-এর রবীন্দ্রনাথ। – আলোচনা করো। — ১০

**অথবা**

(ঘ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধটিতে রবীন্দ্রনাথের মতে উপেক্ষিতা কারা ? কেন এদের উপেক্ষিতা বলেছেন ? — ২+৮= ১০

**একক-৩**

(ঙ) "পাল্কিখানা ঠাকুরমাদের আমলের।" — রবীন্দ্রনাথের ঠাকুরমার নাম কী ছিল ? 'ছেলেবেলা' গ্রন্থে এই পাল্কির প্রসঙ্গে রবীন্দ্রনাথ যা বলেছেন, তা সংক্ষেপে লেখো। — ১+৯= ১০

**অথবা**

(চ) 'আমার জীবনে বাইরের খোলা ছাদ ছিল প্রধান ছুটির দেশ।' 'ছেলেবেলা' অনুসরণে এই মুক্তির রাজ্যটিকে ঘিরে রবীন্দ্রনাথের বিচিত্র অভিজ্ঞতার পরিচয় দাও। — ১০

**একক-৪**

(ছ) সোভিয়েট শিক্ষাকে কীভাবে প্রাণবান করে তুলেছে, 'রাশিয়ার চিঠি' অনুসরণে শিক্ষার সেই 'বিরাট পর্ব'-এর পরিচয় দাও। — ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

অথবা

(জ) 'বলশেভিক অর্থনীতি সম্বন্ধে আমার মত কী, একথা অনেকে আমাকে জিজ্ঞাসা করে থাকেন'– 'রাশিয়ার চিঠি'-তে এই প্রসঙ্গে রবীন্দ্রনাথ যে অভিমত ব্যক্ত করেছেন, তা নিজের ভাষায় লেখো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) 'এই তো হিপনটিজম্। এই শক্তিই পৃথিবী জয় করবার শক্তি। কোনা উপায় নয়, উপকরণ নয়, এই সম্মোহন।'' – কোন্ প্রসঙ্গে এ ভাবনা কার মনে এসেছে? এ কথা ভাবার কারণ কী? ২+১+২=৫

(খ) ''মানুষ বলিয়াই রামচরিত মহিমান্বিত।''– 'রামায়ণ' প্রবন্ধ অবলম্বনে উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করো। ৫

(গ) 'সে হল কাহিনী, এ হল কাকলি' – কে কোন্ প্রসঙ্গে একথা কোথায় বলেছেন? 'কাহিনী' কাকে বলা হয়েছে? ১+২+১+১=৫

(ঘ) ''রাশিয়ায় কৃষি বলরামকে ডাক দিয়েছে।'' – হলধর বলরামকে 'ডাক' দেওয়ার প্রাসঙ্গিকতা বুঝিয়ে লেখো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2022

## BNGACOR10T-BENGALI (CC10)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। নিম্নলিখিত প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) মহাকাব্যের স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। বাংলাভাষায় একটি সার্থক সাহিত্যিক মহাকাব্যের পরিচয় দাও। ৫+৫

**অথবা**

(খ) সাংকেতিক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে একটি সার্থক সাংকেতিক নাটকের পরিচয় দাও। ৫+৫

**একক-২**

(গ) রম্যরচনার স্বরূপ ও লক্ষণগুলি উল্লেখ করে বাংলা সাহিত্যের একটি সার্থক রম্যরচনার পর্যালোচনা করো। ৫+৫

**অথবা**

(ঘ) ছোটগল্পের চরিত্র-বৈশিষ্ট্য আলোচনা করে বাংলা সাহিত্যের একটি সার্থক ছোটগল্পের পরিচয় দাও। ৫+৫

**একক-৩**

(ঙ) ধ্বনিবাদের স্বরূপ পর্যালোচনা করে এর যৌক্তিকতা বিচার করো। ১০

**অথবা**

(চ) সার্থক কাব্যসৃষ্টিতে রসের ভূমিকা বিশ্লেষণ করো। ১০

**একক-৪**

(ছ) ‘‘সাহিত্যে সেই চিরস্থায়িত্বের চেষ্টাই মানুষের প্রিয় চেষ্টা’’— মন্তব্যটি ব্যাখ্যা করো। ১০

**অথবা**

(জ) ‘‘....সাহিত্যের বিষয় মানবহৃদয় এবং মানবচরিত্র’’ — প্রবন্ধটির শিরোনাম উল্লেখ করে রবীন্দ্রনাথের সাহিত্যাদর্শের প্রেক্ষিতে মন্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

গাথাকাব্য, প্রহসন।

(খ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

জীবনী সাহিত্য, রোমান্স।

(গ) ‘কাব্যং গ্রাহ্যম’ অলঙ্কারাৎ’ — আলোচনা করো।

(ঘ) ‘হৃদয়ের ভাব উদ্রেক করিতে সাজসরঞ্জাম অনেক লাগে।’ — ব্যাখ্যা করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2021

## BNGACOR08T-BENGALI (CC8)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) 'মেঘনাদবধ কাব্য'-র প্রথম সর্গ অবলম্বনে চিত্রাঙ্গদা চরিত্রের শিল্পগত সার্থকতা আলোচনা করো। ১০

**অথবা**

(খ) প্রাচীন মহাকাব্যকে উৎস হিসেবে গ্রহণ করলেও ঊনিশ শতকীয় নবজাগরণের চেতনায় 'মেঘনাদবধ কাব্য' উজ্জ্বল। – প্রথম থেকে ষষ্ঠ সর্গ অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো। ১০

**একক-২**

(গ) 'চঞ্চলা' কবিতাটিতে গতিচেতনার অভিব্যক্তি কীভাবে কাব্যরূপ লাভ করেছে, তা বিশ্লেষণ করো। ১০

**অথবা**

(ঘ) "জয়োদ্ধত প্রবল সাম্রাজ্যবাদীরা মানব ইতিহাস রচনা করেন না, করে কর্মমুখর চলমান জনতা।" – 'ওরা কাজ করে' কবিতায় রবীন্দ্রনাথ এই সত্য কীভাবে উপস্থাপিত করেছেন আলোচনা করো। ১০

**একক-৩**

(ঙ) 'বোধ' কবিতায় কবি জীবনানন্দের মানসচেতনা কীভাবে অভিব্যক্ত হয়েছে সংক্ষেপে আলোচনা করো। ১০

**অথবা**

(চ) 'অদ্ভুত আঁধার এক' কবিতায় উপস্থাপিত অন্ধকারের স্বরূপ ব্যাখ্যা করে কবির দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১০

**একক-৪**

(ছ) 'সুন্দর' কবিতা অবলম্বনে সৌন্দর্য সম্বন্ধে কবি সুভাষ মুখোপাধ্যায়ের বিশেষ দৃষ্টিভঙ্গির পরিচয় দাও। ১০

**অথবা**

(জ) 'বাবরের প্রার্থনা' কবিতায় ইতিহাসের প্রচ্ছদে সমকালীন জীবনসত্য কীভাবে প্রতিফলিত হয়েছে কবিতাটি অবলম্বনে আলোচনা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ‘‘ছিনু মোরা, সুলোচনে, গোদাবরী-তীরে,
কপোত কপোতী যথা উচ্চ বৃক্ষ-চূড়ে
বাঁধি নীড়, থাকে সুখে;’’ ২+৩
– কে কার উদ্দেশ্যে এই কথা বলেছে ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(খ) ‘‘যাব না বাসরকক্ষে বধূবেশে বাজায়ে কিঙ্কিণী – ১+৪
আমারে প্রেমের বীর্যে করো অশঙ্কিনী।’’
– কোন্ কবিতার অংশ ? এখানে নারীর যে বীর্যবত্তার প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও।

(গ) ‘‘ছিন্ন খঞ্জনার মতো যখন সে নেচেছিলো ইন্দ্রের সভায় ৫
বাংলার নদী মাঠ ভাঁটফুল ঘুঙুরের মতো তার কেঁদেছিলো পায়।’’
– উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঘ) ‘‘যাবো ১+৪
কিন্তু, এখনি যাবো না
তোমাদেরও সঙ্গে নিয়ে যাবো
একাকী যাবো না, অসময়ে।’’
– উদ্ধৃতিটি কোন্ কবিতা থেকে নেওয়া হয়েছে ? এই অংশে কবির কী মনোভাব ফুটে উঠেছে ?

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K.N.C Road, Barasat, Kol-124

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2021

## BNGACOR09T-BENGALI (CC9)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে একটি করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

### একক-১

(ক) ‘ঘরে-বাইরে’ উপন্যাসে বিমলার চরিত্র চিত্রণে যে গভীর মনস্তাত্ত্বিক টানাপোড়েন চিত্রিত হয়েছে তার স্বরূপ আলোচনা করো। ১০

**অথবা**

(খ) রবীন্দ্রনাথের ‘ঘরে-বাইরে’ উপন্যাসে আত্মকথারীতি এই উপন্যাসের বিষয়বস্তুকে প্রকাশ করতে কতখানি শিল্পসম্মত হয়েছে আলোচনা করো। ১০

### একক-২

(গ) ‘‘আমাদের দেশে গার্হস্থ্য আশ্রমের যে অত্যন্ত উচ্চস্থান ছিল, এই কাব্য তাহা সপ্রমাণ করিতেছে।’’ — ‘রামায়ণ’ প্রবন্ধ অবলম্বনে এই মন্তব্যের যাথার্থ্য প্রতিপন্ন করো। ১০

**অথবা**

(ঘ) ‘‘কেহ যদি তরুণ বৎসরের ফুল ও পরিণত বৎসরের ফল, কেহ যদি মর্ত ও স্বর্গ একত্রে দেখিতে চায়, তবে শকুন্তলায় তাহা পাইবে।’’ — রবীন্দ্রনাথের ‘প্রাচীন সাহিত্যে’র অন্তর্গত শকুন্তলা প্রবন্ধ অবলম্বনে এই উক্তিটির মমার্থ বিশ্লেষণ করো। ১০

### একক-৩

(ঙ) ‘‘আমাদের সময়কার কিছু পূর্বে ধনীঘরে ছিল শখের যাত্রার চলন।’’ — রবীন্দ্রনাথের ‘ছেলেবেলা’ গ্রন্থ অবলম্বনে তৎকালীন শখের যাত্রার পরিচয় দাও। ১০

**অথবা**

(চ) ‘‘জ্যোতিদাদা এসেছিলেন নির্জলা নতুন মন নিয়ে।’’ — জ্যোতিদাদার পরিচয় দিয়ে তাঁর সম্পর্কে ‘ছেলেবেলা’ গ্রন্থে রবীন্দ্রনাথ যে সম্মৃতিচারনা করেছেন তার বিবরণ দাও। ১০

BARASAT GOVT COLLEGE "10 K.N.C Road, Barasat, Kol-124" LIBRARY

**একক-৪**

(ছ) 'রাশিয়ার চিঠি' অবলম্বনে রাশিয়ার কৃষি ব্যবস্থা সম্পর্কে রবীন্দ্র-অভিজ্ঞতার সংক্ষিপ্ত পরিচয় দাও। প্রসঙ্গক্রমে ভারতবর্ষের কৃষি সম্পর্কে রবীন্দ্রনাথের অভিমত প্রকাশ করো। ১০

**অথবা**

(জ) 'রাশিয়ার চিঠি' গ্রন্থটি কী ধরণের রচনা সে সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ''পৃথিবীতে যারা কাপুরুষ তারাই স্ত্রীর পূজা দাবি করে থাকে। তাতে পূজারি ও পূজিত দুয়েরই অপমানের একশেষ।'' — উদ্ধৃত উক্তিটির বক্তা কে ? উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ২+৩

(খ) ''কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।'' — অংশটি কোন্ প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে ? তাৎপর্য ব্যাখ্যা করো। ১+৪

(গ) 'ছেলেবেলা' গ্রন্থে রবীন্দ্রনাথ কাকে 'ওস্তাদ শিকারী' বলেছেন ? তাকে ওস্তাদ শিকারী বলার কারণ কী ? ১+৪

(ঘ) ''মুশকিল এই, দয়া করে কোনো স্থায়ী জিনিস করা চলে না; বাইরে থেকে উপকার করতে গেলে পদে পদে তার বিকার ঘটে।'' — রবীন্দ্রনাথের 'রাশিয়ার চিঠি' অবলম্বনে উদ্ধৃত উক্তিটির মমার্থ বিশ্লেষণ করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE "10 K.N.C Road, Barasat, Kol-124" LIBRARY

**WEST BENGAL STATE UNIVERSITY**

B.A. Honours 4th Semester Examination, 2021

# BNGACOR10T-BENGALI (CC10)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) গীতিকাব্য কাকে বলে ? গীতিকাব্যের কয়েকটি বৈশিষ্ট্য উল্লেখ করে একটি সার্থক গীতিকাব্যের পরিচয় দাও। ২+৮

**অথবা**

(খ) ট্র্যাজেডির স্বরূপ আলোচনা করো এবং বাংলা সাহিত্যের একটি সার্থক ট্র্যাজেডি নাটকের পরিচয় দাও। ৪+৬

**একক-২**

(গ) ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য নিরূপণ করো। একটি সার্থক বাংলা ঐতিহাসিক উপন্যাস সম্পর্কে আলোচনা করো। ৪+৬

**অথবা**

(ঘ) পত্রসাহিত্য কাকে বলে ? পত্রসাহিত্য ও ডায়েরির মধ্যে পার্থক্য কী ? ৩+৭

**একক-৩**

(ঙ) ‘‘কাব্যং গ্রাহ্যম্ অলঙ্কারাৎ’’ — বিষয়টি আলোচনা করে বুঝিয়ে দাও। ১০

**অথবা**

(চ) ‘‘রস হচ্ছে নিজের আনন্দময় সম্বিতের আস্বাদরূপ একটি ব্যাপার’’ — আলোচনা করো। ১০

**একক-৪**

(ছ) ‘‘জগতের উপর মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা – সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি’’ — অংশটি কোন্ প্রবন্ধের অন্তর্গত ? বিষয়টি ব্যাখ্যা করো। ১+৯

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

**অথবা**

(জ) ‘‘সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয়।’’ – ‘সাহিত্যের সামগ্রী’ প্রবন্ধ অবলম্বনে বিষয়টি বিশ্লেষণ করো। ১০

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ১৫০ হবে) ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

সাহিত্যিক মহাকাব্য, পৌরাণিক নাটক।

(খ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

রম্যরচনা, সামাজিক উপন্যাস।

(গ) ‘রীতিরাত্মা কাব্যস্য’ — আলোচনা করো।

(ঘ) ‘‘..... চিত্র এবং সংগীতই সাহিত্যের প্রধান উপকরণ’। — ব্যাখ্যা করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2020

## BNGACOR08T-BENGALI (CC8)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*দক্ষিন প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হবে) ১০×৪ = ৪০

**একক-১**

(ক) প্রাচ্য ও পাশ্চাত্য পুরাণ ও সাহিত্যে কবি মধুসূদন দত্তের সাবলীল পদসঞ্চার কীভাবে ‘মেঘনাদবধ কাব্য’-কে সমৃদ্ধ করেছে, তা — আলোচনা করো। ১০

**অথবা**

(খ) ‘মেঘনাদবধ কাব্য’-এ চতুর্থ সর্গের সংযোজন কতটা শিল্পসম্মত হয়েছে, তা’ — বিশ্লেষণ করো। ১০

**একক-২**

(গ) কালিদাসের প্রাচীন সৌন্দর্যময় জগতে কবির স্বপ্নপ্রয়াণ ‘কল্পনা’-কাব্যের ‘স্বপ্ন’ নামের কবিতাটি। — আলোচনা করো। ১০

**অথবা**

(ঘ) ‘বৃক্ষবন্দনা’ কবিতা অনুসরণে রবীন্দ্রনাথের পরিবেশ-ভাবনার পরিচয় দাও। ১০

**একক-৩**

(ঙ) ‘শঙ্খমালা’ কবিতায় রূপকথার আবহে বিষন্নতার সুর কীভাবে নিত্য সত্যে উত্তীর্ণ হয়েছে, তা’ আলোচনা করো। ১০

**অথবা**

(চ) জীবনানন্দ দাশের ‘রূপসী বাংলা’-কাব্যগ্রন্থের কবিতাগুলিতে অঙ্কিত হয়েছে চিরন্তন বাংলার চেনামুখের প্রতিকৃতি। — এ মন্তব্যের আলোকে ‘বাংলার মুখ আমি দেখিয়াছি’ কবিতাটির শিল্পরূপ বিচার করো। ১০

**একক-৪**

(ছ) ‘প্রচ্ছন্ন স্বদেশ’ কবিতায় কবি বিষ্ণু দে কোন্ স্বদেশ সত্তার অনুসন্ধান করেছেন তা’ — ব্যাখ্যা করো। ১০

BARASAT GOVT COLLEGE LIBRARY *10 K N C Road, Barasat, Kol-124*

অথবা

(জ) কৃষ্ণা বসুর 'চাঁদ বণিকের ডিঙা' কবিতায় কীভাবে মনসামঙ্গল কাব্যের নবায়ন ঘটেছে, কবিতাটি বিশ্লেষণ করে তা বোঝাও।

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক - ১৫০) ৫×২ = ১০

(ক) 'প্রমীলার বামেতর নয়ন নাচিল!
আত্মবিস্মৃতিতে, হায়, অকস্মাৎ সতী
মুছিলা সিন্দূরবিন্দু সুন্দর ললাটে!' ১+২+২

— সর্গনাম ও প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটির ভাব-সৌন্দর্য পরিস্ফুট করো।

(খ) 'বাইশ বছর রয়েছি সেই এক চাকাতেই বাঁধা
পাকের ঘোরে আঁধা।' ১+৪

— কোন্ কবিতার অংশ ? নারীমনের নিহিত যে যন্ত্রণা এখানে প্রকাশ পেয়েছে তার পরিচয় দাও।

(গ) 'মাথার ভিতরে
স্বপ্ন নয় - প্রেম নয় - কোনো এক বোধ কাজ করে।' ৫

— কবির জীবনে এই 'বোধ'-এর প্রভাব বুঝিয়ে দাও।

(ঘ) 'আমার অশ্রুর জলসেচে আর হাড়ের ফসফেট-এ
খুনীর চেয়েও রুক্ষ কঠোর মাটিতে
বোনা হয়েছে যে–অন্তহীন ধান ও গানের স্বপ্ন –
তার নাম ভারতবর্ষ।' ৫

— উদ্ধৃতাংশটির নিহিতার্থ পরিস্ফুট করো।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

———×———

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2020

## BNGACOR09T-BENGALI (CC9)

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

### বিভাগ-ক

১। প্রতিটি একক থেকে একটি করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ৩০০ হবে) — ১০×৪ = ৪০

#### একক-১

(ক) 'ঘরে-বাইরে' উপন্যাসের মধ্যে দুটি সমান্তরাল প্রবাহ রয়েছে। প্রথমটি রাজনৈতিক, দ্বিতীয়টি সামাজিক — আলোচনা করো। — ১০

অথবা

(খ) ধর্মনীতি নামধারী সত্য কোনোভাবেই সন্দীপের লক্ষ্য নয়, লক্ষ্য হচ্ছে ফললাভ — মন্তব্যটির প্রেক্ষিতে সন্দীপ চরিত্রটি বিশ্লেষণ করো। — ১০

#### একক-২

(গ) ''কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ'' — 'মেঘদূত' প্রবন্ধে অতলস্পর্শ বিরহের যে বাক্‌প্রতিমা রবীন্দ্রনাথ ঠাকুর সৃষ্টি করেছেন তা ব্যাখ্যা করো। — ১০

অথবা

(ঘ) ''কাব্য সংসারে এমন দুটি-একটি রমণী আছে যাহারা কবি কর্তৃক সম্পূর্ণ উপেক্ষিত হইয়াও অমরলোক হইতে ভ্রষ্ট হয় নাই।'' — দুটি-একটি রমণী কারা ? তাঁরা কবি-কর্তৃক উপেক্ষিতা হয়েও কীভাবে অমরলোকের স্থায়ী আসন লাভ করেছেন ? — ৪+৬ = ১০

#### একক-৩

(ঙ) ''আমি জন্ম-নিয়েছিলুম সেকেলে কলকাতায়।'' — 'ছেলেবেলা' গ্রন্থ অবলম্বনে সেকালের কলকাতার পরিচয় দাও। — ১০

অথবা

(চ) ''বয়স তখন ছিল কাঁচা, হালকা দেহখানা
ছিল পাখির মতো, শুধু ছিল না তার ডানা।'' — ১০

— 'ছেলেবেলা' গ্রন্থে উদ্ধৃত কবিতাটির সংযোজনের প্রাসঙ্গিকতা বিচার করো।

BARASAT GOVT COLLEGE LIBRARY 10 K N C Road, Barasat, Kol-124

একক-৪

(ছ) ''সেই ব্যষ্টিবর্জিত সমষ্টির অবাস্তবতা কখনোই মানুষ চিরদিন সইবে না।'' — বলশেভিক নীতির ভূয়সী প্রশংসা করেও এর সীমাবদ্ধতাকে রবীন্দ্রনাথ কীভাবে নির্দেশ করেছেন — আলোচনা করো। ১০

অথবা

(জ) ''বিজ্ঞান শিক্ষায় পুঁথি পড়ার সঙ্গে চোখের দেখার যোগ থাকা চাই।'' — 'চোখে দেখার' যে সকল প্রণালীর রবীন্দ্রনাথ ঠাকুর উল্লেখ করেছেন, 'রাশিয়ার চিঠি'-র অনুসরণে তার পরিচয় দাও। ১০

বিভাগ-খ

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটির শব্দসংখ্যা অনধিক ১৫০) ৫×২ = ১০

(ক) ''আদিম প্রদীপ জ্বালাবার হাজার ঝঞ্ঝাট পোহাতে রাজি আছি। ২+৩ = ৫

কিন্তু তাড়াতাড়ি সুবিধার জন্য ঘরে আগুন জ্বালাতে রাজি নই।''

— কোন্ প্রসঙ্গে কার উক্তি ? বক্তব্যটির তাৎপর্য বুঝিয়ে দাও।

(খ) ''আবার সেই প্রাচীন ভারত খণ্ডটুকুর নদী-গিরি-নগরীর নামগুলিই বা কী সুন্দর!'' — প্রবন্ধের নামসহ প্রাচীন ভারতের নদী, গিরি, নগরীর নামগুলি লেখো। ৫

(গ) বিষ্ণুর কাছে কিশোর রবীন্দ্রনাথ ঠাকুরের গান শেখার অভিজ্ঞতার পরিচয় দাও। ৫

(ঘ) ''তারা সভ্যতার পিলসুজ'' — তাদের এই উপমায় উপমিত করবার কারণ নির্দেশ করো। ৫

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——

BARASAT GOVT COLLEGE LIBRARY "10 K N C Road, Barasat, Kol-124"

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 4th Semester Examination, 2020

## BNGACOR10T-BENGALI (CC10)

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে একটি করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১০×৪ = ৪০

**একক-১**

(ক) মহাকাব্য কাকে বলে ? মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি বাংলা ভাষার একটি সার্থক সাহিত্যিক মহাকাব্যের আলোচনার মাধ্যমে দেখাও। ৩+৭

**অথবা**

(খ) পৌরাণিক নাটকের সংজ্ঞা লেখো। বাংলা ভাষায় রচিত একটি পৌরাণিক নাটকের পরিচয় দাও। পৌরাণিক নাটকের জনপ্রিয়তা হ্রাসের কারণ কী ? ২+৫+৩

**একক-২**

(গ) ছোটগল্প কাকে বলে ? ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি কী কী ? সেই বৈশিষ্ট্যের নিরিখে একটি সার্থক বাংলা ছোটগল্পের পরিচয় দাও। ২+৩+৫

**অথবা**

(ঘ) প্রবন্ধের শ্রেণীবিভাগ করে ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ২+৮

**একক-৩**

(ঙ) ''কবি যে কাব্যের মায়াজগৎ সৃষ্টি করেন, তার কৌশলটি কী ?'' — প্রাবন্ধিকের এই প্রশ্নের উত্তর তিনি যেভাবে দিয়েছেন তা আলোচনা করো। ১০

**অথবা**

(চ) ''যেখানে কাব্যের শব্দ ও অর্থ নিজেদের প্রাধান্য পরিত্যাগ করে ব্যঞ্জিত অর্থকে প্রকাশ করে পণ্ডিতেরা তাকেই ধ্বনি বলেছেন।'' — ধ্বনি বলতে পণ্ডিতেরা কী বুঝিয়েছেন তা লেখো। প্রসঙ্গত ধ্বনিবাদীরা যে সকল সাবধান বাণী শুনিয়েছেন সেগুলি উল্লেখ করো। ৬+৪

BARASAT GOVT COLLEGE LIBRARY

একক-৪

(ছ) "সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী।" — আলোচনা করো। ১০

অথবা

(জ) "আগাগোড়া সমস্তই স্পষ্ট, সমস্ত পরিষ্কার, সে কেবল ব্যাকরণের নিয়মের মধ্যে থাকিতে পারে; কিন্তু প্রকৃতিতেও নাই, কাব্যেও নাই।" — উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অন্তর্গত ? ব্যাকরণের নিয়মে স্পষ্টতা ও প্রকৃতি এবং কাব্যের নিয়মে অস্পষ্টতার কারণ বুঝিয়ে দাও। ২+৮

২। যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

একাঙ্ক নাটক, গাথাকাব্য

(খ) টীকা লেখোঃ (যে-কোনো ***একটি***)

পত্রসাহিত্য, আঞ্চলিক উপন্যাস

(গ) কাব্যং গ্রাহ্যমালঙ্কারাৎ — ব্যাখ্যা লেখো।

(ঘ) "অনেক পণ্ডিত ভবিষ্যদ্‌বাণী প্রচার করেন যে, সভ্যতা বিস্তারের সঙ্গে সঙ্গে সাহিত্যের বিনাশ হইবে। যদি হয় তবে সভ্যতারও বিনাশ হইবে।" — সভ্যতা ও সাহিত্যের মধ্যে সম্পর্কের স্বরূপটির পরিচয় দাও।

**N.B. :** *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

——×——